


- ৪। নবভাবে দয়াল এবার, ওড়াকান্দী হয় অবতার গো—
শ্রীগুরুচাঁদ প্রেমের ভাণ্ডার, যেচে যেচে প্রেম বিলায় ॥
- ৫। গোপালচাঁদ কয় দীন প্রসন্ন, অন্তর কর দীন দৈন্য গো—
প্রাণের আশা হবে পূর্ণ, শ্রীহরিচাঁদ রাখবেন পায় ॥
—প্রসন্নকুমার মণ্ডল



১০৮ নং

তাল—একতাল

- আমার এই আকিঞ্চন, হে গুরুচাঁদ, তোমায় আমি ভালবাসি ।
তুমি বাস কিনা বাস ভাল, তা' শুনতে না হই প্রয়াসী ॥
- ১ যুগ যুগান্তর গেল চলে, রাখছ তোমার কোলে তুলে'
ঢেলে কত স্নেহরাশি ।
আমি তোমাকে যদি না বাসতেম্ ভাল, তবে কেন
ভবে আসি ।
- ২। পাখী তোমার গুণ গাহে, তোমার কৃপায় নদী বহে,
ফুলে হাসে নির্মল হাসি ।
আমায় মানবরূপে করল সৃষ্টি, আমি হলেম কিসে দোষী ॥
- ৩। এসে এই ভুমণ্ডলে, কাল কাটালেম ভুলে ভুলে,
দুঃখে কাঁদি সুখে হাসি ।
আমার সুখেরই আশা, প্রাণের পিপাসা,
ভরসা তোমার প্রেমের ফাঁসী ॥
- ৪। হরি-গুরু নাই ভেদাভেদ, রামজীবন তাই করিছে খেদ,
গোপালচাঁদের কাছে বসি ।
আমার অনন্ত আশা নেও হে কেড়ে,
হরি ব'লে যেন হই উদাসী ॥
—রামজীবন বালা